এক নজরে

সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা ।

ওয়েবসাইট : http://dss.tejgaoncirclel.dhaka.gov.bd/
ই-মেইল : sso.tc.dss@gmailc.com
ফোন : 02226-603479

**উন্নয়ন অভিযাত্রায় সমাজসেবা**

সমাজসেবা অধিদপ্তর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন একটি অন্যতম সেবামূলক প্রতিষ্ঠান। দেশের দরিদ্র, অসহায়, সুবিধাবঞ্চিত, অনগ্রসর, প্রতিবন্ধী, প্রবীণ, প্রান্তিক জনগোষ্ঠী, সামাজিক সমস্যাগ্রস্ত ব্যক্তি, আইনের সংস্পর্শে আসা শিশু এবং সমাজের ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর সামাজিক নিরাপত্তা, ক্ষমতায়ন, পুনর্বাসন ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে অধিদপ্তর বহুমুখী কার্যক্রম বাস্তবায়ন করে আসছে।

১৯৫৫ সালে শহর সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে যাত্রা শুরু হলেও বর্তমানে সামাজিক নিরাপত্তা বেষ্টনী, মানবসম্পদ উন্নয়ন, সামাজিক পুনর্বাসন, প্রতিবন্ধী উন্নয়ন, শিশু সুরক্ষা, প্রবেশন, দারিদ্র্য বিমোচন, সমাজকল্যাণমূলক অনুদান ও তথ্যপ্রযুক্তিভিত্তিক সেবাসহ অর্ধশতাধিক কর্মসূচি ও প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে সমাজসেবা অধিদপ্তর দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখে চলেছে।

অধিকারভিত্তিক ও ক্ষমতায়নমুখী (Rights-Based and Empowerment Approach) দৃষ্টিভঙ্গিকে ধারণ করে টেকসই উন্নয়ন অভীষ্ট (SDGs) অর্জন, স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ এবং নাগরিকবান্ধব সেবা নিশ্চিতকরণে সমাজসেবা অধিদপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সেবার মানোন্নয়ন ও সহজলভ্যতা নিশ্চিত করতে ক্রমান্বয়ে ডিজিটাল ও অনলাইনভিত্তিক সেবা সম্প্রসারণ করা হচ্ছে, যার ফলে সেবা জনগণের দোরগোড়ায় পৌঁছে যাচ্ছে।

ভিশন :
সমন্বিত ও টেকসই উন্নয়ন।

মিশন :
উপযুক্ত ও আয়ত্তাধীন সম্পদের সর্বোত্তম ব্যবহার করে অংশীদারগণের সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে সুসংহত ও বিকাশমান সামাজিক সেবা প্রদানের মাধ্যমে বাংলাদেশের জনগণের জীবনমানের সমন্বিত সামাজিক উন্নয়ন সাধন।

সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকাতে সমাজসেবা অধিদফতর কর্তৃক গৃহীত উদ্যোগসমূহের সারসংক্ষেপ নিচে প্রদত্ত হলো :

(১) সামাজিক নিরাপত্তা : (জুন ২০২৬ পর্যন্ত)

| ক্রম | কর্মসূচির নাম | উপকারভোগীর সংখ্যা (জন) | বাৎসরিক বরাদ্দকৃত টাকা | ভাতা/উপবৃত্তির পরিমান |
|---|---|---|---|---|
| ১ | বয়স্কভাতা | ২৫,৮৮৪ | ৳২০,১৮,৯৫,২০০ | মাসিক ৳৬৫০ |
| ২ | বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাভাতা | ৫,৫৬৭ | ৳৪,৩৪,২২,৬০০ | মাসিক ৳৬৫০ |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | অসচ্ছল প্রতিবন্ধীভাতা | ১০,৫০৫ | ৳১১,৩৪,৫৪,০০০ | মাসিক ৳৯০০ |
| ৪ | হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা | ১ | ৳১,৯৫০ | মাসিক ৳৬৫০ |
| ৫ | অনগ্রসর জনগোষ্ঠীর বয়স্ক ভাতা | ৭৪ | ৳৫,৭৭,২০০ | মাসিক ৳৬৫০ |
| ৬ | প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য শিক্ষা উপবৃত্তি | ৩৮ | ৳৪,৬৫,৪০০ | ১. প্রাথমিক স্তর : মাসিক ৳৯০০<br>২. মাধ্যমিক স্তর : মাসিক ৯৫০<br>৩. উচ্চ মাধ্যমিক স্তর : মাসিক ৳১০৫০<br>৪. উচ্চতর স্তর : মাসিক ৳১,৩০০ |
| ৭ | অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি | ০০ | ৳০০ | ১. প্রাথমিক স্তর : মাসিক ৳৯০০<br>২. মাধ্যমিক স্তর : মাসিক ৯৫০<br>৩. উচ্চ মাধ্যমিক স্তর : মাসিক ৳১০৫০<br>৪. উচ্চতর স্তর : মাসিক ৳১,৩০০ |
| ৮ | ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস, স্ট্রোকে প্যারালাইজড, জন্মগত হৃদরোগ এবং থ্যালাসেমিয়া রোগীদের এককালীন আর্থিক সহায়তা | ৫০০ | জেলা সমাজসেবা কার্যালয় কর্তৃক অনুমোদন এবং আবেদন সংখ্যার উপর নির্ভর করবে । | জনপ্রতি ৳৫০,০০০ |

# ভাতা প্রদানের প্রক্রিয়া :

জি টু পি বাস্তবায়নের পযায়ক্রমিক ধাপসমূহ : অনলাইন/অফলাইন আবেদন > ইউনিয়ন পরিষদের সভায় প্রাথমিক চূড়ান্তকরণ> সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা কমিটির সভায় চূড়ান্ত অনুমোদন> MIS এ ডাটা এন্ট্রি> ভ্যালিডেশন> মোবাইল ব্যাংকিং/ব্যাংক হিসাব সম্পন্ন> অত:পর পে রোল প্রদান।

(২) দারিদ্র বিমোচন কার্যক্রম(ক্ষুদ্রঋণ) :

| ক্রম | কর্মসূচির নাম | প্রাপ্ত বরাদ্দ | বিতরণ | উপকারভোগীর সংখ্যা | মোট আদায় | আদায়ের হার |
|---|---|---|---|---|---|---|
| ১ | আরএসএস | ৳২,৫৫,৭১,০৫০ | ৳২,৫৫,৭১,০৫০ | ২৬৫৫ | ৳২,৫৫,৭১,০৫০ | ১০০% |
| ২ | আরএমসি | ৳১৮,৩৩,৭০০ | ৳১৮,৩৩,৭০০ | ৬৪০ | ৳১৮,৩৩,৭০০ | ১০০% |
| ৩ | দগ্ধ ও প্রতিবন্ধী পুনর্বাসন কাযক্রম | ৳১৯,০৭,০০০ | ৳১৯,০৭,০০০ | ১২৪ | ৳১৯,০৭,০০০ | ১০০% |

(৩) শিশু অধিকার, প্রাতিষ্ঠানিক সুরক্ষা ও উন্নয়ন কার্যক্রম :

| ক্রম | কর্মসূচীর নাম | অনুমোদিত আসন সংখ্যা/জন | পুনর্বাসিত ভিক্ষুক/ নিবাসি | জনপ্রতি মাসিক বরাদ্দ/এককালীন বরাদ্দ |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | ভিক্ষুক পুনর্বাসন কর্মসূচি | ০০ | নির্মাণ কাজ শেষ পর্যায়ে | বরাদ্দ অনুযায়ী |
| ২ | ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত বেসরকারি এতিমখানা | ০২ টি | ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত শিশুর সংখ্যা – ৫০ জন | ৳২,০০০ |

(৪) প্রতিবন্ধী ব্যক্তির অধিকার সুরক্ষা ও উন্নয়ন কার্যক্রম :

| ক্রম | কর্মসূচির নাম | প্রাপ্ত প্রতিবন্ধীর সখ্যা | প্রদত্ব সুবিধা | আর্থিক |
|---|---|---|---|---|
| ১ | প্রতিবন্ধিতা শনাক্তকরণ জরিপ | ১১,১৩২ জন | সুবর্ণ কার্ড, ভাতা, ঋণ ও উপবৃত্তি প্রদান | শতভাগ প্রতিবন্ধীকে আর্থিক সুবিধার আওতায় আনা হয়েছে। |
| ২ | অটিজম ও বুদ্ধি প্রতিবন্ধী বিদ্যালয় | ১০টি প্রতিষ্ঠান | শিক্ষা, বিনোদন ও অন্যান্য | |

(৫) কল্যাণ ও সেবা :

| ক্রম | সেবার বিবরণ | প্রাপ্ত বরাদ্দ জুন ২০২৬ | উপকারভোগীর সংখ্যা জুন ২০২৬(জন) |
|---|---|---|---|
| ১ | রোগিকল্যাণ সমিতি, সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা। | | প্রক্রিয়াধীন |
| ৩ | প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের সহায়তা | ৳৬,৫০,০০০ | ১২০ |
| ৪ | দুস্থ সহায়তা | ৳৫,০০,০০ | ৯৮ |

(৬) প্রবেশন কার্যক্রম : লঘুদন্ডপ্রাপ্ত প্রথম অপরাধী ও শিশুদের জন্য প্রবেশন অব অফেন্ডার্স অ্যাক্ট, ১৯৬০ এবং শিশু আইন, ২০১৩ অনুসারে প্রবেশন কার্যক্রম পরিচালিত হচ্ছে। শুরু থেকে এ পর্যন্ত ২৫ জনকে পুনর্বাসন করা হয়েছে।

(৭) ই-সার্ভিস ও তথ্য প্রযুক্তি কার্যক্রম :

(ক) ডি-নথি : পেপারলেস অফিস হিসেবে সমাজসেবা কার্যালয়, তেজগাঁও সার্কেল, ঢাকা। কাজ করছে। সকল চিঠিপত্র ডি-নথিতে নোট উত্থাপনসহ পত্র জারি করা হচ্ছে।

(খ) ওয়েবসাইট : http://dss.nandail.mymensingh.gov.bd/ নামে সরকারি ওয়েবসাইটটি নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।

(৮) সমাজসেবা অধিদপ্তরের আওতায় বিভিন্ন কর্মসূচি সংশ্লিষ্ট আইন ও বিধি :

ক. বিধবা সদন আইন ১৯৪৪;
খ. প্রবেশন অব অফেন্ডার্স অর্ডিনেন্স, ১৯৬০;
গ. কারাগারে আটক সাজাপ্রাপ্ত নারীদের বিশেষ সুবিধা আইন ২০০৬;
ঘ. ভবঘুরে ও নিরাশ্রয় ব্যক্তি (পুনর্বাসন) আইন ২০১১;
ঙ. শিশু আইন ২০১৩;
চ. প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন ২০১৩ ও বিধিমালা ২০১৫;

ছ. পিতা মাতার ভরণ পোষণ আইন ২০১৩।

(০৯) জনবলের তথ্য :

| ক্রমিক নং | শ্রেণি | মঞ্জুরিকৃত পদ সংখ্যা | কর্মরত পদ সংখ্যা | শূন্য পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ১ম শ্রেণি | ০১ | ০১ | ০০ | |
| ২ | ২য় শ্রেণি | ০১ | ০০ | ০১ | |
| ৩ | ৩য় শ্রেণি | ১৯ | ১৯ | ০০ | |
| ৪ | ৪র্থ শ্রেণি | ৪ | ০২ | ০২ | |
| সর্বমোট- | | ২৫ | ২১ | ০৩ | |

**ভবিষ্যৎ লক্ষ্য**

**"স্মার্ট সমাজসেবা, স্মার্ট নাগরিক"**

- স্মার্ট ভাতা কার্ড চালু
- শতভাগ ডিজিটাল সেবা
- পেপারলেস অফিস
- কেন্দ্রীয় উপকারভোগী ডাটাবেইজ
- লাইভ ভেরিফিকেশন ব্যবস্থা
- ওয়ান স্টপ সার্ভিস
- ডিজিটাল অভিযোগ ব্যবস্থাপনা
- প্রতিবন্ধীবান্ধব স্মার্ট অফিস
- রোগিকল্যাণ সমিতির মাধ্যমে বিনামূল্যে স্বাস্থ্যসেবা সম্প্রসারণ
- তথ্যভিত্তিক প্রশাসনিক সিদ্ধান্ত গ্রহণ

## মূল পরিসংখ্যান (Key Figures)

- মোট ভাতাভোগী: **৪২,০৬৯ জন**
- প্রতিবন্ধী জরিপভুক্ত ব্যক্তি: **১১,১৩২ জন**
- ক্ষুদ্রঋণ সুবিধাভোগী: **৩,৪১৯ জন**
- বার্ষিক সামাজিক নিরাপত্তা বরাদ্দ: **প্রায় ৩৬ কোটি টাকা**
- ক্যাপিটেশন গ্র্যান্ট সুবিধাভোগী শিশু: **৫০ জন**
- প্রবেশন কার্যক্রমে পুনর্বাসিত: **২৫ জন**
- প্রশাসনিক আওতাধীন এলাকা: **ঢাকা মহানগরীর ৩৭-৭৫ নম্বর ওয়ার্ড এবং ১৭টি ইউনিয়ন**